

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০০৫. ০০২. ২০১৬- ৩৬৬

তারিখঃ ২৫ মাঘ ১৪২৭  
০৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ এসডিজি ৬ অর্জনের লক্ষ্যে নাগরিকদের উদ্বুদ্ধকরণ ও জনসচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি বাস্তবায়ন।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের পলিসি সাপোর্ট অধিশাখার স্মারক নম্বর: ৪৬.৬০০.০০৬.০০.০০.০৪৬.২০২০.৬৫৫,  
তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে বাংলাদেশ সরকার অঙ্গীকারাবদ্ধ। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের এসডিজি অর্জনে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এ বিষয়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি ও কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি সাধারণ নাগরিকদের সচেতনতা বৃদ্ধি অত্যন্ত জরুরি।

২। বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান আইন-এ জনগণের অংশগ্রহণে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের নির্দেশনের নির্দেশনা রয়েছে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এ জনগণের অংশগ্রহণের ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে বছরে ২টি ওয়ার্ড সভা আয়োজন করে সচেতনতা বৃদ্ধি এবং জনগণের মতামত ও চাহিদার ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের বিধান রয়েছে। পৌরসভার ক্ষেত্রেও ওয়ার্ড ও পৌরসভা পর্যায়ে নাগরিকদের সম্পৃক্ত করে উন্নয়ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের সুযোগ রয়েছে। সিটি কর্পোরেশনেও জনগণের মতামত নিয়ে বাজেট প্রণয়ন করার বিধান রয়েছে। ওয়ার্ড, ইউনিয়ন, পৌরসভা, উপজেলা, জেলা ও সিটি কর্পোরেশন পর্যায় বর্ণিত সভাসমূহে সাধারণ নাগরিকদের এসডিজি বিষয়ে ধারণা প্রদান এবং বাস্তবায়নে তাদের অংশগ্রহণের জন্য উদ্বুদ্ধ করা যেতে পারে। এ ছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমকেও এসডিজি বিষয়ে জনসচেতনতা সৃষ্টির প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহার করা যেতে পারে।

৩। বর্ণিতাবস্থায়, বিভিন্ন সভা আয়োজন করে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে এসডিজি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করে নাগরিকদের এসডিজি অর্জনে উদ্বুদ্ধ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

M. M. Rahman  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব  
ফোন- ৯৫৭৫৫৭৩  
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ সদয় অবগতি/কার্যার্থেঃ

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ..... সিটি কর্পোরেশন
- ২। চেয়ারম্যান, ..... জেলা পরিষদ
- ৩। চেয়ারম্যান, ..... উপজেলা পরিষদ ..... জেলা
- ৪। মেয়র, ..... পৌরসভা ..... জেলা
- ৫। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ ..... জেলা

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ২। পরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা, ..... জেলা